গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(রাজস্ব শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৯০০০.০০৮.১২.০১১.২৪. ৯৯৭ তারিখঃ ২৫ জানুয়ারি ২০২৪

**১৪৩১ বঙ্গাব্দে বালুমহাল ইজারার জন্য উন্মুক্ত দরপত্র আহবান বিজ্ঞপ্তি:**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ''বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন, ২০২৩'' এবং ''বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১'' মোতাবেক সুনামগঞ্জ জেলার ইজারাযোগ্য বালুমহাল ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে অংশগ্রহণের জন্য প্রথম বা দ্বিতীয় শ্রেণির বালুমহাল ইজারাদার হিসাবে তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রের শর্তাবলী অনুসরণে নির্ধারিত বালুমহাল ইজারা সংক্রান্ত দরপত্র ফরমে নিম্নোক্ত তফসিল অনুযায়ী দরপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**দরপত্রের তফসিল**

| আবেদনের পর্যায় | দরপত্র আবেদন ফরম বিক্রয় শুরু ও বিক্রয় শেষের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ম পর্যায় | ১৮/০২/২০২৪ হতে ১৯/০২/২০২৪ তারিখ (প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) | ২২/০২/২০২৪ (সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত) | ২২/০২/২০২৪ (বিকাল ৪.০০ ঘটিকা) |
| ২য় পর্যায় | ০৪/০৩/২০২৪ হতে ০৫/০৩/২০২৪ তারিখ (প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) | ০৭/০৩/২০২৪ (সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত) | ০৭/০৩/২০২৪ (বিকাল ৪.০০ ঘটিকা) |
| ৩য় পর্যায় | ১৮/০৩/২০২৪ হতে ১৯/০৩/২০২৪ তারিখ (প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) | ২১/০৩/২০২৪ (সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত) | ২১/০৩/২০২৪ (বিকাল ৪.০০ ঘটিকা) |

**ইজারাযোগ্য বালুমহালের তালিকাঃ**

| ক্র: নং | বালুমহালের নাম | উপজেলার নাম | মৌজার নাম ও জেএল নং | ১৪৩১ বঙ্গাব্দের নির্ধারণকৃত সরকারি ইজারামূল্য | আয়তন (একরে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | 'চেলা নদী ও মরা চেলা নদী' বালুমহাল | ছাতক ও দোয়ারাবাজার | পাড়ারপুঞ্জি/৫০, ফকিরটিলা/৭১, ইসলামপুর/৬৭, গোয়ালগাঁও/৬৯, গণেশপুর/৭০, রাজেন্দ্রপুর/৬৫, সৈদাবাদ/৬৬, শ্রীপুর/৪৮, মাছিমপুর/৪৯ | ৩,৯২,৩৭,৭৩৪/- (তিন কোটি বিরানব্বই লক্ষ সাঁইত্রিশ হাজার সাতশত চৌত্রিশ) টাকা। | ৫৬৬.০৭ একর |
| ০২ | 'খাসিয়ামারা নদী' বালুমহাল | দোয়ারাবাজার | মাঠগাঁও/৭৩, চকিরঘাট/৭১, বক্তারপুর/৭২, জিরারগাঁও/৭০, লক্ষীপুর/৯৭, বালিজুরী/৮৯, বৈঠাখাই/৯৩, ভূজনা/৯১ | ১৪,৪৫,৪০০/- (চৌদ্দ লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত) টাকা। | ৮৯.৫৫ একর |
| ০৩ | 'যাদুকাটা-১' বালুমহাল | তাহিরপুর | চালিয়ারঘাট/১৩২ | ১২,৮১,৭৫,৬৬৭/- (বারো কোটি একাশি লক্ষ পঁচাত্তর হাজার ছয়শত সাতষট্টি) টাকা | ৮৯.৫৬ একর |
| ০৪ | 'যাদুকাটা-২' বালুমহাল | বিশ্বম্ভরপুর ও তাহিরপুর | চালিয়ারঘাট/১৩২, পুরান লাউড়/১৩৩ ইকরাটিয়া/১৩৬ | ১৮,২৬,৯৫,৩৩৪/- (আঠারো কোটি ছাব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার তিনশত চৌত্রিশ) টাকা | ৩৯৮.০৪ একর |

ক্যালেন্ডারভুক্ত কোন বালুমহালের ইজারা দরপত্র যে পর্যায়ে অনুমোদিত হবে সে বালুমহালটি পরবর্তী পর্যায়ের জন্য প্রযোজ্য হবে না।

## শর্তাবলী

০১। দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ে বালুমহাল ইজারা দরপত্র ফরমের জন্য যে কোন তফসিলি ব্যাংক হতে ১,০০০/- (এক হাজার) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবরে জমা প্রদানপূর্বক বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার, ছাতক, তাহিরপুর হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র আবেদন ফরম ক্রয় করা যাবে।

০২। মুখবন্ধ খামে দরপত্র আবেদন ফরম ধার্য তারিখ ও সময়ের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার, ছাতক, তাহিরপুর এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে।

০৩। দরপত্র আবেদন ফরম এর সাথে উদ্ধৃত দরের ২৫% অর্থ জামানত হিসাবে জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

০৪। বালুমহাল ইজারাদার হিসাবে তালিকায় অন্তর্ভুক্তি ও তালিকাভুক্তির সনদ নবায়ন ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান বালুমহাল ইজারা প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না।

০৫। বালুমহাল ইজারাদার হিসাবে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত কপি, তালিকাভূক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরপত্র আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

০৬। দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়ে দরদাতাদের যদি কেহ উপস্থিত থাকেন তাদের সম্মুখে দরপত্র বাক্স খোলা হবে।

০৭। বালুমহালের জন্য দরপত্র আবেদন ফরম মুখবন্ধ খামে দাখিল করতে হবে।

০৮। বালুমহাল ইজারাদার হিসাবে তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিগত সময়ের বা পূর্বের কোন ইজারামূল্য বকেয়া থাকলে তার/তাদের দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। দরপত্র আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র আবেদন ফরমে কোন কাটাছেঁড়া অথবা ঘষামাজা করা যাবে না। দরপত্র আবেদন ফরম ক্রয়ের রশিদ দরপত্র আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

১০। বালুমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহীতাকে দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে বালুমহালের বাস্তব অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে।

১১। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর ''বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১'' মোতাবেক জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চুড়ান্ত অনুমোদনের পরপরই সম্পূর্ণ ইজারামূল্য, আয়কর, ভ্যাট এবং সরকার নির্ধারিত অন্যান্য করাদি পরিশোধের পর পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে (''বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১'' এর পরিশিষ্ট 'ক' তে উল্লিখিত উন্মুক্ত স্থান বা ছড়ার মধ্যস্থিত বালুমহাল হইতে বালু উত্তোলনের ইজারা চুক্তি ফরম) ইজারা চুক্তিপত্র সম্পাদনপূর্বক ইজারাগ্রহীতাকে সংশ্লিষ্ট বালুমহালের সরেজমিন দখল বুঝিয়ে দেয়া হবে। সরেজমিন বালুমহালের দখল বুঝিয়ে না দেয়া পর্যন্ত বালুমহাল হতে কোন বালু উত্তোলন করা যাবে না।

১২। ইজারাগ্রহীতা কোন অবস্থাতেই বালুমহালের কোন অংশ বা অংশ বিশেষ কারো নিকট সাব লীজ প্রদান করতে পারবেন না। উক্ত শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাবদ প্রদত্ত অর্থ সরকার বরাবরে বাজেয়াপ্ত করা হবে এবং মহালটি পুনরায় ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ইজারাগ্রহীতা কোন অবস্থাতেই পরিবেশ বিধ্বংসী পদ্ধতিতে বালু উত্তোলন করতে পারবেন না। পরিবেশ বিধ্বংসী পদ্ধতিতে বালু উত্তোলন করা হলে বা পরিবেশের কোন ক্ষতি করা হলে ইজারা তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

১৪। বালুমহালের ইজারাগ্রহীতা বালুমহাল হতে শুধু বালু উত্তোলন করতে পারবেন এবং বালু ব্যতীত কোন কিছু উত্তোলন করা যাবে না। বালুমহাল হতে বালু উত্তোলন করে নদীর পাড় বা রাস্তা ভাঙ্গা যাবে না এবং কোন ক্রমেই পরিবেশের ক্ষতি/জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কোন কাজ করা যাবে না।

১৫। বালুমহালের ইজারা ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ তারিখের পর বালুমহালের উপর ইজারাগ্রহীতার কোন স্বত্ব, স্বার্থ থাকবে না এবং মহালটির দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর বর্তাবে।

১৬। বৎসরের যেকোন সময়ই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে।

১৭। কোন বালুমহালের উপর মন্ত্রণালয়/বিজ্ঞ আদালত/অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৮। ইজারা সংক্রান্ত সরকারি বিধিমালা ও সময়ে সময়ে জারিকৃত বিধি বিধানসমূহ ইজারাগ্রহীতা অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন।

১৯। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারাদেশ বাতিলসহ জামানতের অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে ।

২০। বালুমহালের ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্যাবলী অত্র কার্যালয়ের রাজস্ব শাখা/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২১। উপরোক্ত শর্তাবলীর যেকোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচিত করে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

২৩। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র আবেদন ফরম সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২৪। কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/০১/২০২৪


(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০০৯০০
Email: dcsunamganj@mopa.gov.bd


স্মারক নম্বর- ০৫.৪৬.৯০০০.০০৮.১২.০১১.২৪. ১১১/১(১৮) তারিখঃ ২৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব ..................................................................., মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ, ............., সুনামগঞ্জ।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, সিলেট।
৫। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুনবাগিচা, ঢাকা/চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৬। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।

সদয় অবগতি ও কার্যার্থে:

৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জ/নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ/সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার।

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য:

১০। উপজেলা নির্বাহী অফিসার, ........................................... (সকল), সুনামগঞ্জ।
১১। মেয়র, ............................................ পৌরসভা, সুনামগঞ্জ।
১২। সহকারী কমিশনার (ভূমি), ........................................... (সকল), সুনামগঞ্জ।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সহকারী কমিশনার, গোপনীয় (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬। চেয়ারম্যান, ............................................ ইউনিয়ন পরিষদ (সকল), সুনামগঞ্জ (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৭। সম্পাদক, ...........................................। উক্ত বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১ (এক) টি সংখ্যায় জরুরিভিত্তিতে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। অফিস নথি/নোটিশ বোর্ড।

২৫/০২/২০২৪
(মোঃ সাইফুল ইসলাম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০০০১০
Email: rdcsunamganj@gmail.com